

দুরালাপনী : অফিসঃ ২৫১৩৮০১-৩, ফ্যাক্সঃ ২৫১৩৮০৪  
সিএন্ডএফ এজেন্টস্ হল ৭১২১৭৬/ফ্যাক্সঃ ৭১৪১৩৭  
Website- [www.cnfctg.org](http://www.cnfctg.org), [www.cnfctg.net](http://www.cnfctg.net)  
E-mail- [cnfctg@gmail.com](mailto:cnfctg@gmail.com), [cnfctg@yahoo.com](mailto:cnfctg@yahoo.com)

## চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION  
সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আগ্রাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০।

প্রচার পত্র নং- ৫৬/২০১৪

তারিখঃ ১৪/০৮/২০১৪খ্রঃ

৩ ভাদ্র, ১৪২১বাংলা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, চট্টগ্রাম এর ৩টি অফিস আদেশ, আদেশ নং-৮৯, ৯০ ও ৯১ তারিখঃ ১৪/০৮/১৪ সম্মানিত সদস্য/সদস্যাবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হল।

শাক্ষরিত/-  
মোহাম্মদ মুছা  
সচিব

(১)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কাস্টম হাউস, চট্টগ্রাম।

অফিস আদেশ

আদেশ নং- ৮৯

তারিখঃ ১৪/৮/১৪

বিষয়ঃ ডিজিটাল পদ্ধতিতে প্রিপেমেন্ট একাউন্ট কারেন্টের মাধ্যমে রাজস্ব প্রদান প্রসঙ্গে।

সূত্রঃ কাস্টম হাউস, চট্টগ্রামের অফিস আদেশ নং-৫৩, তারিখঃ ০১-০১-২০১৪খ্রঃ।

দুই ঈদের দিন ব্যতিরেকে বছরের সকল দিন রঞ্জনি শুল্কায়ন কার্যক্রম চালু থাকে। এ্যাসাইকুড়া ওয়ার্ল্ডের আওতায় রঞ্জনি সংশ্লিষ্ট চালানের বিপরীতে প্রদেয় রাজস্ব সোনালী ব্যাংক লিঃ এর মাধ্যমে প্রিপেমেন্ট একাউন্ট কারেন্টের বিপরীতে আদায় করা হয়। প্রিপেমেন্ট পদ্ধতিতে রাজস্ব আদায়ের এই সহজ, দ্রুত, অত্যাধুনিক, ঝামেলামুক্ত এবং নির্ভরযোগ্য পদ্ধতিতে রাজস্ব প্রদান না করে অন্ন সংখ্যক সিএন্ডএফ এজেন্ট কিছু ক্ষেত্রে সোনালী ব্যাংক লিঃ এ ক্যাশ পেমেন্টের মাধ্যমে রঞ্জনি চালানের বিপরীতে রাজস্ব প্রদান করে থাকে; ফলে শুল্কবারেও সোনালী ব্যাংক লিঃ খোলা রাখতে হয়, এতে সরকারী লোকবল এবং অর্থের অপচয় হয়। বর্ণিত পরিস্থিতিতে, শুল্কবার সোনালী ব্যাংক লিঃ, কাস্টম হাউস, চট্টগ্রাম শাখা বন্ধ রাখার সিদ্ধান্ত গৃহীত হ'ল এবং সংশ্লিষ্ট সকল সিএন্ডএফ এজেন্টকে ডিজিটাল পদ্ধতিতে উল্লিখিত পদ্ধতি প্রিপেমেন্ট একাউন্ট কারেন্টের মাধ্যমে রাজস্ব প্রদানের জন্য অনুরোধ করা হ'ল।

২। এ আদেশ জনস্বার্থে জারী করা হ'ল এবং অবিলম্বে কার্যকর হবে।

স্বাঃ/-

(মোঃ মাসুদ সাদিক)  
কমিশনার অব কাস্টমস্  
কাস্টম হাউস, চট্টগ্রাম  
ফোন-০৩১-৭১৩৯১৮

নথি নং-এস-৪/১১২/প্রশাসন/Asycuda World/১২-১৩/(অংশ-১)/১৫৭৮( ) কাস তারিখঃ ১৪/৮/১৪

অ: পঃ দ্র:

পৃষ্ঠা নং- ৬২

(২)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কাস্টম হাউস, চট্টগ্রাম।

অফিস আদেশ

আদেশ নং- ৯০

তারিখঃ ১৪/৮/১৪

বিষয়ঃ ক্যাশ পেমেন্ট পদ্ধতিতে রাজস্ব প্রদানের সীমা ২০,০০০.০০ (বিশ হাজার) টাকা হতে ১০,০০০.০০(দশ হাজার) টাকা পুনঃনির্ধারণ প্রসঙ্গে।

ক্যাশ পেমেন্ট পদ্ধতিতে রাজস্ব প্রদান ঝামেলাপূর্ণ, সময়সাপেক্ষ এবং ঝুঁকিপূর্ণ। পে-অর্ডার, ডিডি বা প্রিপেমেন্ট একাউন্টের মাধ্যমে ডিজিটাল পদ্ধতিতে রাজস্ব প্রদান উৎসাহিত করণের লক্ষ্যে ক্যাশ পেমেন্টে পদ্ধতিতে রাজস্ব প্রদানের সীমা ২০,০০০.০০ (বিশ হাজার) টাকা হতে ১০,০০০.০০ (দশ হাজার) টাকা পুনঃনির্ধারণ করা হ'ল।

২। এ আদেশ জনস্বার্থে জারী করা হ'ল এবং অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষর/-

(মোঃ মাসুদ সাদিক)  
কমিশনার অব কাস্টমস্  
কাস্টম হাউস, চট্টগ্রাম  
ফোন-০৩১-৭১৩৯১৮

নথি নং-এস-৪/১১২/প্রশাসন/Asycuda World/১২-১৩/(অংশ-১)/১৫৭৯( ) কাস তারিখঃ ১৪/৮/১৪

(৩)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কাস্টম হাউস, চট্টগ্রাম।

অফিস আদেশ

আদেশ নং- ৯১

তারিখঃ ১৪/৮/১৪

বিষয়ঃ ব্যাংক গ্যারান্টি/ অঙ্গীকারনামা এবং ক্যাশ উভয়ই বিদ্যমান এরূপ চালানের ক্ষেত্রে পে-অর্ডার/ডিডির মাধ্যমে রাজস্ব পরিশোধ প্রসঙ্গে।

এসআরও সুবিধা বিদ্যমান এরূপ চালানসহ কিছু কিছু চালানের ক্ষেত্রে ব্যাংক গ্যারান্টি/অঙ্গীকারনামা এবং ক্যাশ উভয়ই আদায় করা হয়। ব্যাংক গ্যারান্টি/ অঙ্গীকারনামা এবং ক্যাশ উভয়ই আদায় করা হয় এরূপ চালানের রাজস্ব পরিশোধের ক্ষেত্রে ইতোপূর্বে জাল-জালিয়াতির আশ্রয় নিয়ে অঙ্গীকারনামার বিপরীতে বেশি এবং ক্যাশের বিপরীতে কম রাজস্ব প্রদর্শন করা হয়েছে। পে-অর্ডার/ডিডির মাধ্যমে রাজস্ব পরিশোধের বিষয়টি সহজ এবং ঝুঁকিমুক্ত। বর্ণিত পরিস্থিতিতে, জাতীয় রাজস্বের স্বার্থে ব্যাংক গ্যারান্টি/ অঙ্গীকারনামা এবং উভয় বিদ্যমান এরূপ চালানের ক্ষেত্রে ক্যাশের বিপরীতে পে-অর্ডার/ডিডির মাধ্যমে রাজস্ব পরিশোধের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করা হ'ল।

২। এ আদেশ জনস্বার্থে জারী করা হ'ল এবং অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষর/-

(মোঃ মাসুদ সাদিক)  
কমিশনার অব কাস্টমস্  
কাস্টম হাউস, চট্টগ্রাম  
ফোন-০৩১-৭১৩৯১৮

নথি নং-এস-৪/১১২/প্রশাসন/Asycuda World/১২-১৩/(অংশ-১)/১৫৯৪( ) কাস তারিখঃ ১৪/৮/১৪